
তারিখ 16 APR 2015
পৃষ্ঠা 6 কলাম 2



জিয়ানগরের রামচন্দ্রপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ঝুঁকিপূর্ণ হওয়ায় মাঠে তাঁবু টাঙিয়ে ক্লাস নেওয়া হচ্ছে ›› সমকাল

### জিয়ানগর রামচন্দ্রপুর প্রাথমিক বিদ্যালয়

# স্কুলমাঠে তাঁবু টানিয়ে লেখাপড়া

■ জিয়ানগর (পিরোজপুর) প্রতিনিধি

জিয়ানগরে স্কুল ভবন জরাজীর্ণ হওয়ায় খোলা মাঠে ক্লাস করছে একটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা। উপজেলার ১৫ নম্বর রামচন্দ্রপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনটি ৫ মাস আগে পরিত্যক্ত ঘোষণার পরও বিদ্যালয় কর্তৃপক্ষ ঝুঁকি নিয়ে ছেলে-মেয়েদের পাঠদান করান। কিন্তু স্কুল ভবনের ছাদে ফাটল, দেয়ালের প্লাস্টার খসে পড়ায় অভিভাবকরা তাদের ছেলেমেয়েদের বিদ্যালয়ে পাঠানো বন্ধ করে দেওয়ায় বিদ্যালয়টি প্রায় অচল হয়ে পড়ে। পরে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ও অভিভাকদের পরামর্শে বিদ্যালয়ের সামনের মাঠে তাঁবু টানিয়ে শিশু শ্রেণীসহ ৬টি ক্লাসের পাঠদান কার্যক্রম চলছে। বর্তমানে ওই বিদ্যালয়ে ১২০ শিক্ষার্থী রয়েছে। রোদ, বৃষ্টি প্রতিকূল আবহাওয়ার মধ্যেও শিক্ষকরা নিয়মিত পাঠদান করছেন। বিদ্যালয় ভবনের ছাদ দিয়ে পানি পড়ছে এবং দেয়ালের প্লাস্টার খসে পড়ছে। বিদ্যালয়ের সামনে তাঁবু টানিয়ে শিক্ষার্থীদের ক্লাস করতে দেখা যায়। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক পরিতোষ হালদার জানান, ৫ মাস ধরে বিদ্যালয় ভবন পরিত্যক্তের বিষয়টি শিক্ষা অফিসসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করলেও কোনো সুফল পাইনি। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা পুরবী রানী দাস জানান, ১৫ নম্বর রামচন্দ্রপুর প্রাথমিক বিদ্যালয়টি ঝুঁকিপূর্ণ হওয়ায় এর আগে ভবনটি পরিত্যক্ত ঘোষণা করে নতুন ভবনের জন্য প্রস্তাব পাঠানো হয়েছে।